

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৪৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

### আরবী

وَعَن أَبِي بِكَرَة قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْمِنْبَرِ وَالْحَسَنُ بْنُ عَلِي إِلَى جَنْبِهِ وَهُوَ يُقْبِلُ عَلَى النَّاسِ مَرَّةً وَعَلَيْهِ أُخْرَى وَيَقُولُ: «إِنَّ ابْنِي هَذَا سَيِّدٌ وَلَعَلَّ عِلِي إِلَى جَنْبِهِ وَهُوَ يُقْبِلُ عَلَى النَّاسِ مَرَّةً وَعَلَيْهِ أُخْرَى وَيَقُولُ: «إِنَّ ابْنِي هَذَا سَيِّدٌ وَلَعَلَّ اللَّهَ أَنْ يُصْلِحَ بِهِ بَيْنَ فِئَتَيْنِ عَظِيمَتَيْنِ مِنَ الْمُسْلِمِينَ» . رَوَاهُ البُخَارِيِّ

رواه البخارى (2704) ـ (صَحِيح)

#### বাংলা

৬১৪৪-[১০] আবৃ বকরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি রাসূলুল্লাহ (সা.) -কে এমন অবস্থায় মিম্বারের উপর দেখলাম যে, তাঁর পাশে রয়েছেন হাসান ইবনু 'আলী। আর নবী (সা.) কখনো লোকেদের প্রতি তাকাচ্ছেন, আবার কখনো হাসানের দিকে তাকিয়ে বলছেন, আমার এ পুত্র নেতা এবং সম্ভবত আল্লাহ তা'আলা এর দ্বারা মুসলিমদের দু'টি বিরোধমান বড় দলের মধ্যে সমঝোতা করিয়ে দেবেন। (বুখারী)

## ফুটনোট

সহীহ: বুখারী ২৭০৪, আবূ দাউদ ৪৬৬২, তিরমিয়ী ৩৭৭৩, নাসায়ী ১৪১০, সহীহুল জামি ১৫২৮, সিলসিলাতুস সহীহাহ্ ৪৯৫, মুসানাফ ইবনু আবী শায়বাহ ৩২১৭৮, মুসনাদুল হুমায়দী ৭৯৩, মুসনাদে আহমাদ ২০৪০৮, সহীহ ইবনু হিবান ৬৯৬৪, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১৭১৮, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ২৫২৮, আল মু'জামুস সগীর লিত্ব তবারানী ৭৬৬, আল মুজামুল আওসাত্ব ১৫৩১, আল মু'জামুল আওসাত্ব ৪৮০৯, আস সুনানুল কুবরা লিল বায়হাকী ১২২৭৫।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: (إِنَّ ابْنِي هَذَا سَيِّدٌ) ইমাম তূরিবিশতী (রহিমাহুল্লাহ) বলেন, হাসান (রাঃ)-কে নবী (সা.) যে সাইয়িদ বা নেতা নামে নামকরণ করেছেন তা তার মর্যাদা ও সম্মানের জন্য যথেষ্ট। তিনি বড় দুটি দলের গুণ বর্ণনা করেছেন, কেননা মুসলিমরা সেদিন দু'টি দলে বিভক্ত হবে, একটি দল হাসান (রাঃ)-এর পক্ষে থাকবে। অপরটি মু'আবিয়াহ্ (রাঃ)-এর পক্ষে থাকবে। আর সেদিন হাসান (রাঃ) এ দায়িত্বের সবচেয়ে হকদার হবে। শারহুস্ সুয়াহ্ গ্রন্থে বলা হয়েছে, এ হাদীস প্রমাণ করে ঐ দু'টি দলের একটি দলও ফিতনার সময় কথা ও কর্মের মাধ্যমে ইসলাম হতে বের হয়ে যায়নি। কেননা একটি দল বিপদগ্রস্থ ও অন্যটি ক্ষতিগ্রস্থ হওয়া সত্ত্বেও নবী (সা.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

সকলকে মুসলিম বলে সম্বোধন করেছেন। (মিরক্বাতুল মাফাতীহ)।

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন